

🛢 रून | Hud | هُود |

আয়াতঃ ১১: ৩৬

💵 আরবি মূল আয়াত:

وَ أُوحِىَ اللَّى نُوحِ اَنَّهُ لَن يُّؤمِنَ مِن قَومِكَ اللَّا مَن قَد أَمَنَ فَلَا تَبتَئِس بِمَا كَانُوا يَفعَلُونَ ﴿٣۶﴾

আর নূহের কাছে ওহী পাঠানো হল যে, 'যারা ঈমান এনেছে, তারা ছাড়া তোমার কওমের আর কেউ ঈমান আনবে না। সুতরাং তারা যা করে সে জন্য তুমি দুঃখিত হয়ো না'। — আল-বায়ান

নূহের কাছে ওয়াহী পাঠানো হয়েছিল যে, যারা ঈমান এনেছে তারা ছাড়া তোমার সম্প্রদায়ের আর কোন লোক কক্ষনো ঈমান আনবে না, কাজেই তারা যা করছে তার জন্য তুমি হা-হুতাশ করো না। — তাইসিরুল

আর নূহের প্রতি অহী প্রেরিত হলঃ যারা ঈমান এনেছে তারা ছাড়া তোমার কাওম হতে আর কেহই ঈমান আনবেনা, অতএব যা তারা করছে তাতে তুমি মোটেই দুঃখ করনা। — মুজিবুর রহমান

And it was revealed to Noah that, "No one will believe from your people except those who have already believed, so do not be distressed by what they have been doing. — Sahih International

৩৬. আর নূহের প্রতি অহী করা হয়েছিল, যারা ঈমান এনেছে তারা ছাড়া আপনার সম্প্রদায়ের অন্য কেউ কখনো ঈমান আনবে না। কাজেই তারা যা করে তার জন্য আপনি চিন্তিত হবেন না।

তাফসীরে জাকারিয়া

- (৩৬) আর নূহের প্রতি অহী প্রেরিত হল, যারা বিশ্বাস করেছে, তারা ছাড়া তোমার সম্প্রদায় হতে আর কেউই বিশ্বাস করবে না, কাজেই যা তারা করছে, তার জন্য তুমি দুঃখ করো না। [1]
 - [1] যখন নৃহ (আঃ) এর সম্প্রদায় আযাব আসার জন্য বলেছিল, তখন এই কথা বলা হয়েছিল এবং নূহ (আঃ) আল্লাহর দরবারে দু'আ করেছিলেন যে, 'হে আমার প্রভু! পৃথিবীতে বসবাসকারী একজন কাফেরকেও জীবিত রেখো না।' আল্লাহ তাআলা বলেন, 'এখন অতিরিক্ত আর কেউ ঈমান আনবে না, অতএব এ নিয়ে তুমি চিন্তা করো না।'



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1509

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন